

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৭১

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقي)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الْفَصلُ التَّالِثُ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: عَلَيْكُمْ بِالشِّفَاءَيْنِ: الْعَسَلِ وَالْقُرْآنِ . رَوَاهُمَا ابْنُ مَاجَهْ وَالْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ وَقَالَ: وَالصَّحِيحُ أَنَّ الْأَخِيرَ مَوْقُوفٌ عَلَى ابْنِ مَسْعُودٍ

বাংলা

৪৫৭১-[৫৮] 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিরাময়কারী দু'টি জিনিসকে তোমরা আঁকড়ে ধরো। তা হলো মধু এবং কুরআন। (ইবনু মাজাহ)।

আর বায়হাকী হাদীস দু'টি শু'আবুল ঈমানে বর্ণনা করেন এবং বলেন, এ শেষোক্ত হাদীসটি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী নয়, বরং এটা ইবনু মাস্'উদ (রাঃ) পর্যন্ত তথা মাওকৃফ।[1]

ফটনোট

[1] য'ঈফ : ইবনু মাজাহ ৩৪৫২, য'ঈফাহ্ ১৫১৪, য'ঈফুল জামি' ৩৭৬৫, হিলইয়াতুল আওলিয়া ৭/১৩৩, ইবনু আৰু শায়বাহ্ ৩০০১৯।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে ''আবৃ ইসপদক'' নামে একজন রাবী আছেন, যিনি হাদীস এলোমেলো করে ফেলতেন। দেখুন- সিলসিলাতুয্ য'ঈফাহ্ ৪/২৩ পৃঃ, হাঃ ১৫১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (عَلَيْكُمْ بِالشِّفَاءَيْنِ) অর্থাৎ একটি হলো ইন্দ্রিয়গ্রাহ্য আর অপরটি মানসিক অথবা একটি হলো অঙ্গ-প্রত্যঙ্গের অসুখের জন্য আর অপরটি মানসিক রোগের জন্য অথবা শরীর ও দীনের স্বাভাবিক রোগের জন্য।



(الْعَسَل وَالْقُرْآنِ) মহান আল্লাহ মধুর গুণাগুণ বর্ণনা করতে যেয়ে বলেন-

ْفِيهِ شِفَاءٌ لِلنَّاسِ "এতে মানুষের জন্য আরোগ্য রয়েছে"- (সূরাহ্ আন্ নাহল ১৬ : ৬৯)।

আর কুরআন এর বর্ণনায় মহান আল্লাহ বলেন,

وَ الْصَدُّور 'পথনির্দেশক ও আরোগ্য যা তাদের বক্ষ রয়েছে''- (সূরাহ্ ইউনুস ১০ : ৫৭)।

'আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ (الْعَسَلِ وَالْقُرْآنِ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ বাণী সকল প্রকারকেই শামিল করেছে। নিরাময়ের প্রকার দু'টি : প্রকৃত এবং অপ্রকৃত।

এটা বুঝতে হবে এভাবে যে, তুমি যেমন বল, "কলম দুই জিহবার একটি" "মামা দু'বার একজন" আমি বলি, "ঝোল দুই গোশতের একটি" কিন্তু আল কুরআনুল কারীম প্রকাশ্য ও গোপন উভয় প্রকার অসুখ থেকে আরোগ্য দানের মধ্যে শামিল। যেমনটি আয়াতের মধ্যে বলা হয়েছে।

অন্য আয়াতের মধ্যে ইঙ্গিত আছে যে, আভ্যন্তরীণ (গুপ্ত) বিষয়ের নিরাময় হলো মূল ও বেশি গুরুত্বপূর্ণ। অতএব তার দ্বারা উপকার লাভ করা খুবই গুরুত্বপূর্ণ। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন